



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট
মানিক মিয়া এভিনিউ, ঢাকা-১২০৭
www.bjri.gov.bd

ফোন : ৯১১০৯৫৩
: ৮১২১৯৩১-২
ফ্যাক্স : ৯১১৮৪১৫
ই-মেইল : bjriinfo@yahoo.com

কৃষিই সমৃদ্ধি

স্মারক নং- ১২.২৩.০০০০.০০৭.৪৩.২৯৪.১৯.২৮০৭ (২)


তারিখ : ১৬/০২/২০২০

বিষয় : বিজেআরআই এর প্রধান কার্যালয়ের বাংলা নং-০১ এর ভিতর ও সিঁড়িঘর সহ প্রয়োজনীয় মেরামত ও সংস্কারকরণ কাজের কার্যাদেশ।

উপর্যুক্ত বিষয়ের আলোকে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, আপনার দাখিলকৃত গত ১৮-১২-২০১৯ খ্রিঃ তারিখের দরপত্রটি যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন ও চুক্তি পত্রে স্বাক্ষর করায় নিম্নোক্ত শর্ত সাপেক্ষে ২,৭৯,৮১৩.০০ (টাকা দুই লক্ষ উনআশি হাজার আটশত তের মাত্র)টাকার কার্যাদেশ প্রদান করা হলো।

শর্তাবলী :

- ১। কার্যাদেশ প্রাপ্তির পর কাজটি আগামী ১০-০২-২০২০খ্রিঃ তারিখের মধ্যে সিডিউল মোতাবেক সম্পন্ন করে বিজেআরআই কর্তৃপক্ষকে বুঝিয়ে দিতে হবে।
- ২। কাজে ব্যবহৃত মালামাল ব্যবহারের পূর্বে অবশ্যই মালামালের নমুনা বিজেআরআই এর নির্মাণ ও রক্ষণাবেক্ষণ শাখার নিকট জমা দিতে হবে এবং নমুনা অনুমোদিত হলে মালামাল কাজে ব্যবহার করতে হবে। অননুমোদিত কোন মালামাল কাজে ব্যবহার করা হলে ঠিকাদার একক ভাবে দায়ী থাকবে এবং এ ব্যাপারে কর্তৃপক্ষ ঠিকাদারের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে পারবে।
- ৩। কাজের স্বার্থে কোন কোন আইটেমের কাজ কম বা বেশী হতে পারে।
- ৪। কাজটি অতিব জরুরী বিধায় নির্ধারিত সময়ের মধ্যে অবশ্যই সম্পন্ন করতে হবে, বিশেষ কোন কারণ ব্যতিরেকে সময়সীমা বর্ধিত করা হবে না।
- ৫। বিশেষ কোন কারণ ব্যতীত নির্ধারিত সময়ের মধ্যে কাজটি সম্পন্ন করতে ব্যর্থ হইলে পিপিআর/২০০৮ (সংশোধনীসহ) এবং STD এর শর্ত মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ৬। কাজ চলাকালীন সময়ে ঠিকাদারের নিজস্ব প্রকৌশলী সার্বক্ষণিক সাইটে তদারকি কাজে উপস্থিত থাকতে হবে।
- ৭। কাজ চলাকালীন সময় কাজ সংক্রান্ত কোন সমস্যা দেখা দিলে তাৎক্ষণিকভাবে বিজেআরআই এর প্রকৌশল শাখা কে জানাতে হবে।
- ৮। ঠিকাদার কর্তৃক সম্পাদিত কাজের বিস্তারিত বিল নিজস্ব প্যাডে দাখিল করতে হবে।
- ৯। সরকারী বিধি মোতাবেক সমাপ্তকৃত কাজের বিল হতে ভ্যাট, আয়কর ইত্যাদি কর্তন করা হবে।
- ১০। কাজের বিল হতে ১০% নিরাপত্তা জামানত কর্তন করা হবে। উক্ত নিরাপত্তা জামানত চূড়ান্ত বিল প্রদানের পর পিপিআর/২০০৮ এর বিধি ২৮ (২) অনুযায়ী ফেরত দেওয়া হবে।


১৬/০২/২০২০
(ড. মাহমুদ আল হোসেন)
পরিচালক (প্রশাসন ও অর্থ)

প্রতি,

M/s A to Z Enterprise
19, Indira road(1st floor), Shere-E-Bangla Nagar
Dhaka-1215.

কার্যার্থে বিতরণ :

- ১। সিস্টেম এনালিস্ট, পিটিসি বিভাগ, বিজেআরআই, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ২। উপ-পরিচালক (হিসাব ও অর্থ) বিজেআরআই, ঢাকা।
- ৩। সহকারী পরিচালক, হিসাব (রাজস্ব), বিজেআরআই, ঢাকা।
- ৪। অডিট অফিসার, বিজেআরআই, ঢাকা।
- ৫। সহকারী প্রকৌশলী/তড়িৎ, বিজেআরআই, ঢাকা।
- ৬। ক্যাশ শাখা, বিজেআরআই, ঢাকা।

অবগতির জন্য :

- ১। পিএস-টু-ডিজি, বিজেআরআই, ঢাকা।
- ২। পিএ-টু-পরিচালক (প্রশাঃ ও অর্থ), বিজেআরআই, ঢাকা।